গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নম্বর: ৫২.০১.০০০০.০০০.১০১.৯৯.০০০৮.২৬. ২৬০৭

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ / ১২ জুলাই ২০২৬

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, উন্নয়ন-১ শাখা এর ০৬ জুলাই ২০২৬ খ্রি. তারিখের ৫২.০০.০০০০.০০০.০০৮.২০.০০২৭.২৬.২৬৪ সংখ্যক স্মারক মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা।

১২/০৭/২৬
মোঃ হাসানুজ্জামান
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০০৭৩৪১
ই-মেইল: hasanpdbbs@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) পরিচালক (সকল) ........................................................................................ উইং, বিবিএস, ঢাকা।
(০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(০৩) প্রকল্প পরিচালক (সকল) ........................................................................................প্রকল্প, বিবিএস, ঢাকা।
(০৪) যুগ্মপরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
(০৫) উপপরিচালক (বিনিক/সমন্বয়/প্রকাশনা), এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
(০৬) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(০৭) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(০৮) অফিস কপি।

পরিচালকের দপ্তর
[illegible] উইং, বিবিএস, ঢাকা
যুগ্মপরিচালক
সি. এনালিস্ট/সি. প্রোগ্রামার (ডাটা প্রসেসিং/ওয়েবসাইট)
উপপরিচালক (প্রশাসন/হিসাব)
সি./মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
প্রকল্প পরিচালক (......................)
* জরুরি উপস্থাপন করুন
* প্রস্তাবসহ উপস্থাপন করুন
* প্রয়োজনীয় ব্যবস্থা নিন
* আলোচনা করুন
* সংশ্লিষ্টদের অবহিত করুন
* নথিজাত করুন
* ওয়েবসাইটে দিন
* নোটিশ বোর্ড
[illegible] ৪০৪৪
১৪/৭/২৬
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-১ শাখা
www.sid.gov.bd

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩
০৬ জুলাই ২০২৬

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০০০.০০৮.২০.০০২৭.২৬.২৬৪

বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ২১ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

কার্যবিবরণীর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০৬-০৭-২০২৬
মো. দিলদার হোসেন
উপসচিব
ইমেইল : dev1@sid.gov.bd

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।

**স্মারক নম্বর:** ৫২.০০.০০০০.০০০.০০৮.২০.০০২৭.২৬.২৬৪/১ (৩)

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩
০৬ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। যুগ্মসচিব (প্রতিকল্প), উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

০৬-০৭-২০২৬
মো. দিলদার হোসেন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.০০৩.৩৩২.১৮.০০০২.২৬.২০৮

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩
২৩ জুন ২০২৬

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে ২১ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর-এঁর সভাপতিত্বে একটি আলোচনা সভা ২১ জুন ২০২৬ তারিখ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (চার পৃষ্ঠা)।

২৩/০৬/২৬
(মোঃ কামাল হোসেন)
সহকারী সচিব
টেলিফোন : ০২-২২২২১৬৫৪৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২ সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩ সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪ সদস্য (সচিব), অর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫ সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬ সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭ সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৮ সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯ প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), শেরে বাংলা নগর, ঢাকা।
১০ সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১২ প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩ অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪ প্রধান (অতিরিক্ত সচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫ মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।
১৬ অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭ মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. উপদেষ্টার একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (**ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
৪. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন শাখা
ডাইরী নম্বর: ২৫৫
প্রাপ্তির তারিখ: ২৫/৬/২০২৬

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সচিবের দপ্তর
ইস্যু নম্বর: ১২৪৫
তারিখ: ২৫.৬.২৬
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)
অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)
* জরুরিভিত্তিতে ব্যবস্থা নিন
* জরুরি উপস্থাপন করুন
* পরীক্ষান্তে উপস্থাপন করুন
* প্রয়োজনীয় ব্যবস্থা নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

সমন্বয় শাখা

www.plandiv.gov.bd

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিতে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ২১ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এর মাননীয় উপদেষ্টা জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিতে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে এক সভা ২১ জুন ২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)-এর প্রতিষ্ঠান প্রধানসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (**পরিশিষ্ট-ক**)। মাননীয় উপদেষ্টা মহোদয়ের অনুমতিক্রমে সচিব, পরিকল্পনা বিভাগ স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে ০৩ জুন তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংক্ষেপে উপস্থাপন করা হয়। উপদেষ্টা মহোদয় বাস্তবায়ন অগ্রগতি সুনির্দিষ্টভাবে উপস্থাপনার নির্দেশনা প্রদান করেন। অত:পর ইতিপূর্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী আলোচনা শুরু হয়।

**২.০ আলোচ্য বিষয়:**

বিবিএস কর্তৃক ইতোপূর্বে প্রকাশিত তথ্য/উপাত্তের গড়মিল সম্পর্কে তথ্যের Forensic Audit করে তার সঠিকতা চিহ্নিত করা এবং Open Government Data প্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিতকরণ।

**২.১ আলোচনা:**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সচিব মহোদয় বলেন Forensic Audit করে তথ্যের গড়মিল বের করা সংক্রান্ত রিপোর্ট প্রদানের জন্য অতিরিক্ত সময় প্রয়োজন। এছাড়া Open Government Data ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে প্রদান করা সম্ভব হবে বলে তিনি সভাকে জানান। জার্নালে প্রকাশের জন্য Forensic রিপোর্ট কত তারিখের মধ্যে চূড়ান্ত করা যাবে সে বিষয়ে উপদেষ্টা মহোদয় জানতে চান। ১৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে উক্ত রিপোর্ট প্রদান করা যাবে মর্মে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব সভাকে অবহিত করেন।

**২.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

২.২.১ তথ্যের ব্যবহার উপযোগিতা ও ডাটা প্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিতকরণে বিবিএস আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

২.২.২ বিবিএস কর্তৃক ইতোপূর্বে প্রকাশিত তথ্য/উপাত্তের গড়মিল নিয়ে Forensic Audit সম্পর্কিত একটি প্রতিবেদন আগামী ১৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

৩.০ আলোচ্য বিষয়:

বিনিয়োগ বৃদ্ধিতে বৈদেশিক অর্থায়ন ব্যবহার উপযোগী করতে Strategy Paper প্রণয়ন।

৩.১ আলোচনা:

দেশে বিনিয়োগ বৃদ্ধিতে Pipleline এ জমে থাকা অর্থ কিভাবে যথাযথভাবে ব্যবহার করা যায় সে বিষয়ে সভাপতি মহোদয় জানতে চান। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ জানান যে, মন্ত্রণালয়গুলো থেকে প্রকল্পের অনুকূলে বৈদেশিক অর্থায়ন অনুসন্ধানের অনুরোধের প্রেক্ষিতে Fund Search কমিটির মাধ্যমে প্রকল্প যাচাই বাছাই করে উন্নয়ন সহযোগির নিকট প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশনে প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠিত হওয়ার পর উন্নয়ন সহযোগীর সঙ্গে নেগোশিয়েসন শুরু হয়। নেগোশিয়েসন পরিপক্কতা পেলে উন্নয়ন সহযোগীর বোর্ড সভায় প্রকল্পে অর্থায়নের বিষয়টি অনুমোদিত হয়। ফলে ঐ প্রকল্পের জন্য উন্নয়ন সহযোগী কর্তৃক অর্থের বরাদ্দ নিশ্চিত হয়। প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদন না হওয়া পর্যন্ত প্রকল্পের কার্যক্রম শুরু করা সম্ভব হয় না। তখন Resource Pipleline এর বিষয়টি তৈরী হয়। Pipleline এ জমে থাকা প্রকল্পের অর্থায়নের বিষয়ে পূর্ণাঙ্গ একটি প্রতিবেদন প্রদানের জন্য উপদেষ্টা মহোদয় নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি), বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের সমন্বয়ে একটি কমিটি গঠনের বিষয়ে উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন। কমিটি Pipleline এ জমে থাকা প্রকল্পের অর্থায়নের পুরো বিষয়টি বিচার বিশ্লেষণ করে ভবিষ্যৎ করণীয় বিষয়ে সুপারিশ করবে।

৩.২ সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.২.১ Pipleline এ জমে থাকা Resource ব্যবহার উপযোগী করতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি), বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ এর সমন্বয়ে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

| ক্রমিক | পদবি ও কর্মস্থল | অবস্থান |
|---|---|---|
| ১. | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সভাপতি |
| ২. | মহাপরিচালক, বিআইডিএস | সদস্য |
| ৩. | প্রধান, কার্যক্রম বিভাগ | সদস্য |
| ৪. | যুগ্মসচিব (সমন্বয়), ইআরডি | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(১) বিনিয়োগ বৃদ্ধিতে বৈদেশিক অর্থায়ন ব্যবহার উপযোগী করতে Strategy Paper প্রণয়ন করবে।
(২) আগামী ৩০ জুলাই ২০২৬ এর মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবে।
(৩) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
(৪) বিবিধ।

বাস্তবায়নকারী: অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৪.০ আলোচ্য বিষয়:

Five Year Strategic Framework for Reform & Development চূড়ান্তকরণ।

৪.১ আলোচনা:

সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ জানান যে, Five Year Strategic Framework for Reform &

মন্ত্রণালয়গুলোর সাথে এই সপ্তাহে আলাদাভাবে সভা করা হবে। ৩০ জুন ২০২৬ এর মধ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করে ১০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে Five Year Strategic Framework for Reform & Development প্রকাশ করা সম্ভব হবে।

৪.২ সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ জানান যে, ইতিমধ্যে সকল সেক্টর/ডিভিশন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) নিয়ে সেক্টরাল এ্যাকশন প্ল্যান এর Outline চূড়ান্ত করা হয়েছে। পরিকল্পনা কমিশনের সেক্টর/ডিভিশন তাদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর সাথে আলোচনা করে সেক্টরাল এ্যাকশন প্ল্যানের খসড়া চূড়ান্ত করার উদ্যোগ গ্রহণ করেছে। এক্ষেত্রে সদস্য মহোদয় উপদেষ্টা মহোদয়ের নিকট কিছুটা সময় চান।

**৪.৩ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.৩.১ আগামী ১০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে Five Year Strategic Framework for Reform & Development এর চূড়ান্ত খসড়া প্রকাশের কাজ সম্পন্ন করতে হবে।

৪.৩.২ আগামী ৩০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে সেক্টরাল এ্যাকশন প্ল্যান এর চূড়ান্ত খসড়া প্রণয়ন করতে হবে।

**বাস্তাবায়নকারী:** সাধারণ অর্থনীতি বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশন।

**৫.০ আলোচ্য বিষয়:**

প্রকল্পের কার্যাদি মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে dashboard স্থাপন।

**৫.১ আলোচনা:**

প্রকল্পের কার্যাদি মনিটরিং এর লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে dashboard স্থাপনের বিষয়ে সচিব আইএমইডি জানান যে, এটি ইতিমধ্যে তৈরী হয়ে গেছে। মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রীর সাথে আলোচনাপূর্বক আগামী ০১ জুলাই ২০২৬ তারিখ dashboard উদ্বোধনের উদ্যোগ গ্রহণের জন্য কার্যক্রম চলমান রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন।

**৫.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.২.১ প্রকল্পের কার্যক্রম মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে dashboard স্থাপন আগামী ০১ জুলাই ২০২৬ তারিখে মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রীর মাধ্যমে উদ্বোধন করতে হবে।

**বাস্তবায়নকারী:** বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

**৬.০ আলোচ্য বিষয়:**

প্রকল্প পরিচালক নিয়োগের Criterion চূড়ান্তকরণ।

**৬.১ আলোচনা:**

সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে যে Criterion রয়েছে তা সংশোধন করে একটি খসড়া ইতোমধ্যে প্রণীত হয়েছে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত খসড়ার ওপর সকল সেক্টর/ডিভিশন এবং বিআইডিএস এর মাধ্যমে পিয়ার রিভিউ করার জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। পিয়ার রিভিউ করে আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে খসড়া চূড়ান্ত

৬.২ **সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.২.১ প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে সংশোধিত Criterion এর ওপর সকল সেক্টর/ডিভিশন এবং বিআইডিএস এর মাধ্যমে পিয়ার রিভিউ করে আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করে তা চূড়ান্ত করতে হবে।

**বাস্তবায়নকারী:** এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ।

৭.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৩/০৬/২০২৬
**(রাশেদ আল মাহমুদ তিতুমীর)**
উপদেষ্টা
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়